


যুগান্তর

ন্যায়সঙ্গত আন্দোলন ঢাবির গৌরবময় ইতিহাসের অংশ: ভিসি

প্রকাশ : ২৩ আগস্ট ২০১৯, ২০:৫৫ | অনলাইন সংস্করণ

 ঢাবি প্রতিনিধি



ঢাবি ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কালো দিবসের আলোচনায় ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, সে সময় নির্ধারিত শিক্ষার্থীরা যে দাবি তুলেছিল তা ছিল ন্যায়সঙ্গত। তখনকার সরকার ও প্রশাসন সেই দাবি অনুধাবন করে সমাধানের পদক্ষেপ নিলে ঢাবিতে আজ আর এই কালো দিবস পালিত হতো না।

ঢাবি উপাচার্য বলেন, ২০০৭ সালের ২০-২৩ আগস্ট তৎকালীন সেনা সমর্থিত সরকারের সময় ঢাবিতে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের ওপর অমানবিক ও নিন্দনীয়

ঘটনার স্মরণে প্রতিবছর এ দিনটি কালো দিবস হিসেবে পালন করা হয়।

তিনি বলেন, ঢাবির শিক্ষক-শিক্ষার্থীরা নিয়মতান্ত্রিকভাবে সব সময় যে কোনো অন্যায়, ন্যায়সঙ্গত, নির্যাতন ও নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ ও আন্দোলন করে থাকেন। এ সব ন্যায়সঙ্গত আন্দোলন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরবময় ইতিহাসের অংশ।

শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে আলোচনা সভায় সভাপতির বক্তব্যে ঢাবি উপাচার্য এ সব কথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামাল উদ্দীন, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়্যাতুল ইসলাম, ডাকসুর ভিপি মো. নূরুল হক, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ। সভা পরিচালনা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

ঢাবি ভিসি বলেন, ২০০৭ সালে যে সরকার রাষ্ট্র পরিচালনায় ছিল সেটি গণতান্ত্রিক সরকার ছিল না এবং তাদের ব্যর্থতা ও ভুল সিদ্ধান্তের কারণেই ঢাবিতে ২৩ আগস্ট অমানবিক ও অনাকাঙ্ক্ষিত নির্যাতনের ঘটনা ঘটেছিল।

ওই ঘটনায় নির্যাতিত শিক্ষক-শিক্ষার্থীদের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ভবিষ্যতে এ ধরনের যে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনার পুনরাবৃত্তি এড়াতে নিজ নিজ অবস্থান থেকে প্রত্যেকেই ঘটনার যথাযথ মূল্যায়ন ও বিশ্লেষণ করে সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

দিবসটি উপলক্ষে সকালে অপরায়ে বাংলার পাদদেশে ঢাবি সচেতন ছাত্র-শিক্ষকবৃন্দের আয়োজনে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, অধ্যাপক ড. এম এম আকাশ এবং অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ড. হুমায়ুন কবির। এ দিন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা কালো ব্যাজ ধারণ করেন।

২০০৭ সালের এই সময়ে সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের আমলে ঢাবিতে খেলা দেখাকে কেন্দ্র করে কয়েকজন সেনা সদস্যের সঙ্গে শিক্ষার্থীদের দ্বন্দ্ব সৃষ্টি হয়। এরই জেরে শিক্ষক-শিক্ষার্থীদের গ্রেফতারের পাশাপাশি সারা দেশে কারফিউ জারি করে সব বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ৬৬ দিন পর খুলে দেয়া হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।